অনুবাদ ৭১ থেকে ১৫০

৭১. A man's sight is his greatest treasure. There is no greater misfortune in life than blindness. A blind person cannot see the beauties of nature. He cannot discover the treasures of human thoughts lying in books. He cannot write to express his thoughts. In recent times man has devised means of educating the blind. Schools have been set up. In them an attempt is made to develop the mental powers of the blind and to teach them to read and write.

বঙ্গানুবাদ: দৃষ্টিশক্তি মানুষের পরম সম্পদ। অন্ধ হওয়ার ন্যায় দুর্ভাগ্য জীবনে আর কিছুই নেই। অন্ধ ব্যক্তি প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করতে পারে না। পুস্তকাবলির মধ্যে মানুষের মনের যেসব ভাব সম্পদ নিহিত রয়েছে, অন্ধের কাছে তা অজ্ঞাতই থেকে যায়। সে নিজের মনের ভাব লিখে প্রকাশ করতে পারে না। সম্প্রতি মানুষ অন্ধদের শিক্ষা দেওয়ার পদ্ধতি আবিষ্কার করেছে। অন্ধদের জন্য বিদ্যালয় স্থাপিত হয়েছে। এসব বিদ্যালয়ের সাহায্যে অন্ধদের মানসিক বৃত্তিগুলোর বিকাশসাধনের এবং তাদের শিক্ষা দেওয়ার জন্য চেষ্টা চলছে।

৭২. Thus the valley became a garden again. It had become a desert by cruelty and now it was regained by love. He began to dwell in the valley and the poor were never driven from his doors, for his farm was always full of corn. The river sprang from the mountain and rushed in all directions.

বঙ্গানুবাদ: এভাবে উপত্যকাটি আবার উপবনে পরিণত হলো। চরম নিষ্ঠুরতায় এটি মরুভূমি হয়ে উঠেছিল, কিন্তু এখন এটি প্রেমের বলে তার আগের রূপ পেয়েছে। তিনি আবার উপত্যকার মধ্যে বাস করতে লাগলেন এবং দরিদ্ররা আর কখনো তার দ্বার থেকে বিতাড়িত হলো না। কারণ তার খামার সর্বদাই শস্যপূর্ণ থাকত। পাহাড় থেকে উৎসারিত নদীটির প্রবাস সব দিকেই গতিচঞ্চল হয়েছিল।

৭৩. Once two friends started on a travel. Their way lay through a forest. As they came half way through the forest, a bear was seen approaching slowly towards them. One of them climbed up a tree, the other did not know how to climb up a tree and lay flat on his face without breathing.

বঙ্গানুবাদ: একবার দুই বন্ধু বেড়াতে বের হলো। বনের ভেতর দিয়ে তাদের পথ। যখন তারা বনের মাঝামাঝি চলে এলো, তখন একটা ভালুককে আস্তে আস্তে তাদের দিকে এগিয়ে আসতে দেখা গেল। তাদের একজন গাছে উঠে গেল। অন্যজন গাছে চড়া জানত না বলে মুখ মাটির ওপর রেখে শ্বাসপ্রশ্বাস বন্ধ করে সটান উপুড় হয়ে পড়ে রইল।

৭৪. Rabindranath Tagore won the Nobel Prize in 1913, 90 years ago from today. He won this prize for the English translation of the Bengali 'Gitanjoli'. This excellent translation was made by himself. There were 103 songs in the English Gitanjoli. Through Gitanjoli, Rabindranath Tagore made Bengali literature well-known in the world literature.

বঙ্গানুবাদ: আজ থেকে ৯০ বছর আগে ১৯১৩ সালে রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পান। বাংলা গীতাঞ্জলির ইংরেজি অনুবাদের জন্য তিনি এ পুরস্কার লাভ করেন। চমৎকার এই ইংরেজি অনুবাদ কবির নিজের। ইংরেজি গীতাঞ্জলিতে মোট গানের সংখ্যা ১০৩টি। গীতাঞ্জলির মাধ্যমে রবীন্দ্রনাথ ঠাকুর বাংলা সাহিত্যকে বিশ্বে সুপরিচিত করেন।

৭৫. Wealth is no doubt necessary for happiness in life. But it has a tendency to concentrate in the hands of a few, the result is the rich become richer and the poor become poorer. This is certainly a misuse of wealth. It should be fairly distributed among all, so that it may bring happiness to the greatest number of people in the society.

বঙ্গানুবাদ: জীবনে সুখের জন্য নিঃসন্দেহে সম্পদের প্রয়োজন। কিন্তু এর একটা প্রবণতা হলো মুষ্টিমেয় কয়েকজনের হাতে পুঞ্জীভূত হওয়া। এর ফলে ধনীরা আরও ধনী হয়, গরিবেরা আরও গরিব হয়। এটি অবশ্যই সম্পদের অপব্যবহার। এটি সবার মধ্যে যথাযথভাবে বণ্টন করা উচিত। এটি সমাজের অধিকসংখ্যক মানুষের সুখ-স্বাচ্ছন্দ্য বিধান করতে পারে।

৭৬. An ant lived on the bank of a river. Bychance she fell into the water and was about to die. A pigeon sat on a tree. He dropped a leaf close to the ant. She got on to the leaf and came to the bank.

বঙ্গানুবাদ: নদীর পাড়ে এক পিঁপড়া বাস করত। হঠাৎ সে পানিতে পড়ে গেল এবং প্রায় মরে যাওয়ার মতো হলো। গাছের ডালে একটি কবুতর বসেছিল। সে পিঁপড়ার কাছে একটি পাতা ফেলে দিল। পাতার ওপরে উঠে বসে সে পাড়ে চলে এলো।

৭৭. Never tell a lie. None belives a man who tells lies. Always speak the truth. Perhaps you have heard the story of the lying cowboy. Everyday he used to go to the field to tend cows. Many farmers used to work nearby. Very often the cowboy cried out. "The wolf, the wolf", though no wolf was there. Everyday the farmers came to help him. At last they could understand his wickedness.

বঙ্গানুবাদ: কখনো মিথ্যা বোলো না। যে মিথ্যা বলে কেউ তাকে বিশ্বাস করে না। সদা সত্য কথা বলবে। তোমরা বোধহয় মিথ্যাবাদী রাখালের গল্প শুনেছ। সে প্রতিদিন মাঠে গোরু চরাতে যেত। কাছাকাছি অনেক কৃষক কাজ করত। প্রায়ই রাখাল 'নেকড়ে, নেকড়ে' বলে চিৎকার করত, যদিও সেখানে কোনো নেকড়ে ছিল না। প্রতিদিন কৃষকেরা তাকে সাহায্য করতে আসত। অবশেষে, তারা রাখালের দুষ্টুমি বুঝতে পারল।

৭৮. Student life is the stage of preparation for future. This is most important period of life. A student is young today. But he will be a man tomorrow. He has different duties. He should perform them well. As a student, his first duty is to study and learn. He should be careful to his lessons.

বঙ্গানুবাদ: ছাত্রজীবন হলো ভবিষ্যতের প্রস্তুতিপর্ব। জীবনের সবচেয়ে গুরুত্বপূর্ণ সময় হলো এটি। আজ যে ছাত্র তরুণ, আগামী দিনে সে পরিণত মানুষ হয়ে উঠবে। তার নানা প্রকার কর্তব্য রয়েছে। সেগুলো তাকে সুষ্ঠুভাবে পালন করতে হবে। ছাত্র হিসেবে তার প্রথম কর্তব্য হলো লেখাপড়া করা এবং শিক্ষালাভ করা। নিজের পড়াশোনা সম্বন্ধে তার সতর্ক হওয়া উচিত।

৭৯. The 21st February is a memorable day in our national life. Many Bangalees sacrificed their lives on that day for their mother tongue. We remember those martyrs every year. Their dreams were great. We should use the mother tongue in every field.

বঙ্গানুবাদ: একুশে ফেব্রুয়ারি আমাদের জাতীয় জীবনে একটি স্মরণীয় দিন। ওইদিন অনেক বাঙালি মাতৃভাষার জন্য জীবন উৎসর্গ করেছিলেন। আমরা প্রতিবছর সেই শহিদদের স্মরণ করি। তাঁদের স্বপ্ন ছিল মহৎ। আমাদের উচিত মাতৃভাষা সর্বস্তরে ব্যবহার করা।

৮০. The newspaper is a very useful thing. At present we fine many newspapers in Bangladesh. Newspaper helps the progress of a nation. People are eager to know what is going on in the world. They can know this and that by reading the newspaper. It gives us all sorts of news of our own land as well as foreign lands.

বঙ্গানুবাদ: সংবাদপত্র খুবই প্রয়োজনীয় জিনিস। বর্তমানে আমরা বাংলাদেশে অনেক সংবাদপত্র দেখতে পাই। সংবাদপত্র জাতিকে উন্নত করতে সাহায্য করে। পৃথিবীতে কী হতে যাচ্ছে সবাই জানতে আগ্রহী। তারা সংবাদপত্র পড়ে এটা-সেটা জানতে পারে। এটি আমাদের নিজের দেশের এবং বিদেশেরও সব রকম সংবাদ দেয়।

৮১. The saying that health is wealth is indeed very true. Even a millionaire will live a miserable life if his health breaks down beyond recovery. Health is undoubtedly a priceless possession. If on the other hand he is sick, he becomes a liability to all.

বঙ্গানুবাদ: 'স্বাস্থ্যই সম্পদ' একথা প্রকৃতই সত্য। এমনকি একজন লক্ষপতির জীবনও দুস্থ হয়ে দাঁড়ায় যদি তার স্বাস্থ্য নষ্ট হয়ে যায়, যা আর ফিরে পাওয়ার সম্ভাবনা নেই। নিঃসন্দেহে স্বাস্থ্য অমূল্য সম্পদ। একজন স্বাস্থ্যবান ব্যক্তি তার পরিবার এবং সমাজের সম্পদ। অন্যদিকে সে যদি রুগ্ন হয় তবে সে সকলের জন্য বোঝা হয়ে দাঁড়ায়।

৮২. There are about a million blind people in Bangladesh. Apart from being born blind, one may become blind due to illness or accident. Blindness may be total or partial. The nature of treatment is not the same for all kinds of blindness. Vitamin 'A' deficiency often cause blindness. We should, therefore, try to take vitamin 'A' in our meals.

বঙ্গানুবাদ: বাংলাদেশে প্রায় দশ লক্ষ অন্ধলোক আছে। অন্ধ অবস্থায় জন্মগ্রহণ ছাড়াও কেউ অসুস্থতা বা দুর্ঘটনার কারণে অন্ধ হতে পারে। অন্ধত্ব পূর্ণাঙ্গ বা আংশিক হতে পারে। সকল প্রকার অন্ধত্বের চিকিৎসার ধরন একরকম নয়। ভিটামিন 'এ'-এর অভাব প্রায়ই অন্ধত্বের কারণ হয়ে থাকে। সুতরাং, প্রতিদিনের খাবারের সঙ্গে আমাদের ভিটামিন 'এ' গ্রহণ করা উচিত।

৮৩. There is none else like my mother. She loves me very much. She never looks for her own happiness. Her joy knows no bounds if she seen me happy. If I fall ill, she becomes very anxious. Thanks to Allah that He has given me such a mother.

বঙ্গানুবাদ: আমার মায়ের মতো আর কেউ নেই। তিনি আমাকে অত্যন্ত স্নেহ করেন। তিনি কখনো নিজের সুখের কথা ভাবেন না। আমাকে সুখী দেখলে তাঁর আনন্দ ধরে না। আমি অসুস্থ হলে খুবই চিন্তিত হন। আল্লাহকে ধন্যবাদ যে, তিনি আমাকে এমন মা দিয়েছেন।

৮৪. War is a curse of human civilization. In old days war was limited to the soldiers. But at present all people civil or military, have to suffer the consequences of war. None can escape from the bomber planes of the enemy. In real fact, man is converted into animals by war.

বঙ্গানুবাদ: যুদ্ধ মানবসভ্যতার অভিশাপ। আদিকালে যুদ্ধ সৈন্যদের মধ্যে সীমাবদ্ধ থাকত, কিন্তু বর্তমানে সামরিক ও বেসামরিক সব লোককে যুদ্ধের ফল ভোগ করতে হয়। শত্রুর বোমারু বিমান থেকে কেউ নিষ্কৃতি পায় না। প্রকৃতপক্ষে, যুদ্ধ মানুষকে পশুতে পরিণত করে।

৮৫. Rabindranath Tagore is the greatest name in Bengali literature. He was born in the famous family of Jorasanko, Calcutta. His father Maharshi Devendranath Tagore was a noble man and respected by all. Rabindranath started writing from his early boyhood and his last poem was composed in his death bed. Rabindranath was awarded the Noble price in 1913 for his English Translation of 'Gitanjali', a book of love and respect so long as it remains.

বঙ্গানুবাদ: বাংলা সাহিত্যে রবীন্দ্রনাথ একটি সর্বশ্রেষ্ঠ নাম। তিনি কলকাতার জোড়াসাঁকোর বিখ্যাত ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর অতি মহৎ ও সর্বজনশ্রদ্ধেয় ব্যক্তি ছিলেন। রবীন্দ্রনাথ ছোটোবেলা থেকেই কবিতা লিখতে শুরু করেন এবং শেষ কবিতাটি লিখেছিলেন তাঁর মৃত্যুশয্যায়। রবীন্দ্রনাথ তাঁর 'গীতাঞ্জলি'র ইংরেজি অনুবাদের জন্য ১৯১৩ খ্রিষ্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেছিলেন। যতদিন বইটি থাকবে ততদিন এর প্রতি ভালোবাসা ও শ্রদ্ধার অবধি থাকবে না।

৮৬. We should bear the courage to say the right. We need not fear men nor care for what others think of us. So long our purpose is honest; God will be on our side. And with His help we shall encourge the weak. Thus we shall march forward in life and reach its goal. [সি. বো. '১৯]

বঙ্গানুবাদ: সত্য কথা বলার জন্য আমাদের সাহস থাকা উচিত। মানুষ বা অন্যে আমাদের সম্বন্ধে কী ভাবে তা নিয়ে আমাদের ভয় করার প্রয়োজন নেই। আমাদের উদ্দেশ্য যদি সৎ হয় তবে স্রষ্টা আমাদের পক্ষে থাকবেন এবং তাঁর (স্রষ্টার) সাহায্যে আমরা দুর্বলকে উৎসাহ দেব। এভাবে আমরা জীবনে সামনের দিকে এগিয়ে যাব এবং গন্তব্যস্থলে পৌঁছাব।

৮৭. Mother Teresa was born in Yougoslavia at the house of Albenian Farmer on the 26th August in 1910. Her father's name was Nicholas and he was the owner of a little grocery shop. Teresa lost her father in 1917. She came to Kolkata in 1929. She was a loving woman. She devoted her life for the welfare of human being and humanity.

বঙ্গানুবাদ: মাদার তেরেসা ১৯১০ খ্রিষ্টাব্দের ২৬ আগস্ট যুগোশ্লাভিয়ার এক আলবেনিয়ান কৃষক পরিবারে জন্মগ্রহণ করেন। তাঁর বাবার নাম ছিল নিকোলাস এবং তিনি একটি ছোটো মুদি দোকানের মালিক ছিলেন। ১৯১৭ খ্রিষ্টাব্দে তেরেসা পিতৃহীন হন। ১৯২৯ খ্রিষ্টাব্দে তিনি কলকাতায় আসেন। তিনি ছিলেন মমতাময়ী নারী। তিনি মানুষের জন্য, মানবতার জন্য তাঁর জীবন উৎসর্গ করেছেন।

৮৮. Nasiruddin was a pious and learned man. He spent most of his time in study and religious deeds. Although he was an emperor of Delhi, he led his life like a common man. He used to copy the holy Quran and sell it. With that money he maintained his family.

বঙ্গানুবাদ: নাসিরউদ্দিন ধার্মিক ও বিদ্বান ছিলেন। তিনি লেখাপড়া ও ধর্মকর্মেই অধিকাংশ সময় কাটাতেন। দিল্লির সম্রাট হয়েও তিনি সাধারণ মানুষের মতো জীবনযাপন করতেন। তিনি কুরআন শরিফ নকল করতেন এবং তা বিক্রি করতেন। সেই অর্থ দিয়ে তিনি সংসার চালাতেন।

৮৯. The life of a student is the life of preparation-preparation for the struggle of life. To make him fit for the struggle education is necessary. Students of today are the leaders of tomorrow. But if their education is not complete, would they be able to lead the nation to peace and prosperity? Besides receiving education, they will have to be honest and hard working. Otherwise, all their preparation will be fruitless.

বঙ্গানুবাদ: ছাত্রজীবন প্রস্তুতির জীবন, জীবনসংগ্রামের জন্য প্রস্তুতি। সংগ্রামের জন্য তাকে উপযুক্ত করে গড়ে তুলতে হলে শিক্ষার প্রয়োজন। আজকে যারা ছাত্র ভবিষ্যতে তারা জাতিকে পরিচালনা করবে। কিন্তু তাদের শিক্ষা সম্পূর্ণ না হলে তারা কি জাতিকে শান্তি ও সমৃদ্ধির দিকে নিয়ে যেতে পারবে? শিক্ষা লাভ ছাড়াও তাদেরকে সৎ ও কঠোর পরিশ্রমী হতে হবে। অন্যথায় তাদের সকল প্রস্তুতি নিষ্ফল হবে।

৯০. She is my mother. There are none else like my mother. How affectionate she is to me! She always takes care of me. If fell ill mother grows very anxious.

বঙ্গানুবাদ: ইনি আমার মা। আমার মায়ের মতো আর কেউ নেই। তিনি আমার প্রতি কত স্নেহময়ী! তিনি সবসময় আমার দিকে খেয়াল রাখেন। আমি যদি অসুখে পড়ি, তখন তিনি খুবই উদ্বিগ্ন হয়ে পড়েন।

৯১. Sher-e-Bangla Fazlul Haque was born in the district of Bakerganj. He was very meritorious. He respected his parents very much. He loved his country more than his life. He was a friend of the poor. He did a lot of things for the benefit of the people. He died at the age of eighty-nine. We still remember him.

বঙ্গানুবাদ: শেরে বাংলা ফজলুল হক বাকেরগঞ্জ জেলায় জন্মগ্রহণ করেন। তিনি অত্যন্ত মেধাবী ছিলেন। তিনি পিতামাতাকে অত্যন্ত ভক্তি করতেন। নিজের প্রাণের চেয়েও দেশকে তিনি অধিক ভালোবাসতেন। তিনি ছিলেন গরিবের বন্ধু। জনগণের মঙ্গলের জন্য তিনি অনেক কিছু করে গেছেন। তিনি উননব্বই বছর বয়সে মারা যান। আজও আমরা তাঁকে স্মরণ করি।

৯২. You must have heard the name of Kazi Nazrul Islam. He was known as the rebel poet. His contribution to the Bengali literature is unforgetable. His inclination to the literature and music was seen in his very tender age. On Sunday, 29 August in 1976, he died in Dhaka.

বঙ্গানুবাদ: কাজী নজরুল ইসলামের নাম তোমরা নিশ্চয়ই শুনেছ। তিনি বিদ্রোহী কবি নামে পরিচিত ছিলেন। বাংলা সাহিত্যে তাঁর অবদান অবিস্মরণীয়। অতি অল্প বয়সেই তাঁর মধ্যে সাহিত্য ও সংগীতের প্রতি অনুরাগ দেখা দেয়। তিনি ১৯৭৬ সালের ২৯ আগস্ট রবিবার ঢাকায় মৃত্যুবরণ করেন।

৯৩. In Bangladesh we have many rivers. Some are big and some are small. The Padma, the Jamuna and the Meghna are big rivers. On the rivers there are steamers, launches and boats. They carry people and goods from one place to another.

বঙ্গানুবাদ: বাংলাদেশে অনেক নদী আছে। তন্মধ্যে কিছু ছোটো ও কিছু বড়ো নদী রয়েছে। পদ্মা, যমুনা এবং মেঘনা বড়ো নদী। নদীতে জাহাজ, লঞ্চ ও নৌকা চলে। এগুলো মানুষ ও মালামাল এক স্থান থেকে অন্যত্র বহন করে।

৯৪. Sports-day in an important day for all of you. Today you do not have lessons. But you will learn an important lesson today. Many boys and girls run to win a race and only one wins it. You will win some races and you will lose some. Do not get angry when you do not win. Do not be sad. It is important to remember this lessons.

বঙ্গানুবাদ: ক্রীড়াদিবস তোমাদের সকলের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এদিন তোমাদের কোনো পড়াশোনা নেই। কিন্তু আজ তোমাদের শিক্ষণীয় অনেক কিছু রয়েছে। অনেক ছেলেমেয়ে দৌড়াবে, মাত্র একজন বিজয়ী হবে। তুমি কোনোটায় বিজয়ী হবে আবার কোনোটায় অকৃতকার্য হবে। যখন কৃতকার্য হতে পারবে না তখন মনঃক্ষুণ্ণ হবে না এবং দুঃখও প্রকাশ করবে না। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ শিক্ষা।

৯৫. Man has an unquenchable thirst for knowledge. He is never satisfied with what he has known and seen. He wants to know and see more and more. This curiosity to know more, coupled with his indomitable spirit of adventure, has inspired him to undertake and carry out difficult and dangerous tasks. In the fields of science and technology man has already achieved what was once inconceivable.

বঙ্গানুবাদ: জ্ঞান আহরণের জন্য মানুষের আছে অনিবারণীয় তৃষ্ণা। সে যা জেনেছে এবং দেখেছে, তাতে সে সন্তুষ্ট নয়। সে আরও বেশি জানতে ও দেখতে চায়। বেশি জানার এ কৌতূহল এবং তার দুঃসাহসিক স্পৃহা তাকে কঠিন ও বিপজ্জনক কার্য সম্পাদন করতে অনুপ্রেরণা যুগিয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে যা একসময় অকল্পনীয় ছিল, মানুষ ইতোমধ্যে তা-ই অর্জন করেছে।

৯৬. People addicated to smoking often from various diseases including cancer. Cancer is a fatal disease which takes a heavy toll of hunam lives every year all over the world. Medical science is yet to find out a

cure for it. Besides, smoking irritates the eyes and offends the nose. So all of us young or old, should give up this dangerous habit.

বঙ্গানুবাদ: ধূমপানে আসক্ত লোকেরা ক্যানসারসহ নানাপ্রকার রোগে ভোগে। ক্যানসার একটি মারাত্মক রোগ, যা প্রতিবছর পৃথিবীর সর্বত্র মানুষের প্রাণনাশ করে। চিকিৎসাবিজ্ঞানকে এর প্রতিকার বের করতে হবে। এতদ্ব্যতীত ধূমপান চোখকে পীড়া দেয় এবং নাকে অস্বস্তি আনে। কাজেই আমাদের মধ্যে সকল যুবক ও বৃদ্ধের এ ভয়াবহ অভ্যাস ত্যাগ করা উচিত।

৯৭. Industry is the root of development. It is not possible to achieve anything great without hard work. Our Bangladesh is a poor country, but we take pride in calling it golden Bengal. Hard work is necessary to make it into golden Bengal truly. The people of the developed countries are very hard working. On the contrary, many of us are lazy and averse to hard work.

বঙ্গানুবাদ: পরিশ্রম উন্নতির মূল। বিনা পরিশ্রমে কোনো মহৎ কাজ সাধন করা সম্ভব নয়। আমাদের বাংলাদেশ একটি দরিদ্র দেশ, কিন্তু আমরা একে সোনার বাংলা বলে গর্ব করি। সত্যিকার সোনার বাংলা গড়ে তুলতে কঠোর পরিশ্রম প্রয়োজন। উন্নত দেশের অধিবাসীরা অত্যন্ত পরিশ্রমী। পক্ষান্তরে, আমরা অনেকেই অলস ও কর্মবিমুখ।

৯৮. The Taj is one of the finest buildings in the world. It was built by Shahjahan in 1648 on the tomb of his beloved and beautiful queen Mumtaj Begum. The earth has nothing more charming to show. It is regarded as one of the seven wonders of the world. There are many other palaces and beautiful buildings in India, but the Taj excels them all in pomp, charm and picturesqueness. It is made of white marble, the walls were inlaid with brilliant gems and pearls of various colours.

বঙ্গানুবাদ: তাজ পৃথিবীর সুন্দরতম সৌধসমূহের অন্যতম। শাহজাহান তাঁর সুন্দরী মহিষী প্রিয়তমা মমতাজ বেগমের সমাধির ওপর ১৬৪৮ খ্রিষ্টাব্দে এটি নির্মাণ করেছিলেন। পৃথিবীতে এর চেয়ে অধিক মনোমুগ্ধকর দর্শনীয় বস্তু আর নেই। একে জগতের সপ্তাশ্চর্যের এক আশ্চর্য বলা হয়। ভারতে আরও অনেক রাজপ্রাসাদ ও সুন্দর সৌধাবলি আছে সত্য, কিন্তু জাঁকজমক, মনোহারিত্ব ও চিত্রসৌন্দর্যে তাজ এগুলোর সব কয়টিকে অতিক্রম করেছে। এটি শ্বেত প্রস্তরে নির্মিত। এর প্রাচীরগুলো বিচিত্র বর্ণের উজ্জ্বল মণিমাণিক্য দ্বারা খচিত।

৯৯. English is an international language. There is no country in the world where English is not taught. Once pleasure is got, this language cannot but be learned. English language should be learnt in order to enrich Bengali language. Don't you like to talk in English?

বঙ্গানুবাদ: ইংরেজি একটি আন্তর্জাতিক ভাষা। পৃথিবীতে এমন কোনো দেশ নেই যেখানে ইংরেজি শেখানো হয় না। একবার আনন্দ পেলে এ ভাষা না শিখে পারা যায় না। বাংলা ভাষা সমৃদ্ধ করার জন্যই ইংরেজি ভাষা শেখা উচিত। তুমি কি ইংরেজি বলা পছন্দ করো না?

১০০. Dhaka is an old city. It stands on the bank of Buriganga. Many high buildings have been built there. Some parks have enhanced its beauty. Good roads have been built. The Dhaka Museum is a beautiful place worth seeing. It contains many ancient relics. Many things can be learnt by observing these relice.

বঙ্গানুবাদ: ঢাকা একটি প্রাচীন শহর। এটি বুড়িগঙ্গার তীরে অবস্থিত। এখানে বিরাট বিরাট অট্টালিকা নির্মিত হয়েছে। কয়েকটি সুন্দর সুন্দর পার্ক শহরের সৌন্দর্য বৃদ্ধি করেছে। ভালো ভালো রাস্তাঘাটও তৈরি হয়েছে। ঢাকার জাদুঘর দেখার মতো সুন্দর। এতে অনেক প্রাচীন নিদর্শন রয়েছে। এগুলো দেখে অনেক কিছু শেখা যায়।

১০১. Bangladesh was not independent before. Other people ruled this country and exploited the people of this country. So in 1971 the Liberation War was fought. In this war, about thirty million heroic sons sacrificed their lives. We remember them with respect.

বঙ্গানুবাদ: বাংলাদেশ আগে স্বাধীন ছিল না। অন্যরা এ দেশ শাসন করত এবং দেশের মানুষকে শোষণ করত। তাই ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ হয়েছিল। এ যুদ্ধে প্রাণ দিয়েছিল প্রায় ত্রিশ লক্ষ বীর সন্তান। আমরা তাঁদের শ্রদ্ধার সাথে স্মরণ করি।

১০২. Not only has religious belief declined but the fear of consequences has declined too. Prison is no terrible a thought as it used to be. People believe that prisoners are fairly well treated and prison is no longer thought of as shameful. With this decline of religion and failure of discipline has come greater temptation.

বঙ্গানুবাদ: শুধু ধর্মবিশ্বাসেই অবনতি ঘটেনি, পরিণামে কী ঘটবে সে ভয়ও কমে গেছে। আগে কারাগারকে যেমন ভীতিজনক মনে করা হতো এখন আর তা তেমন মনে করা হয় না। মানুষ বিশ্বাস করে যে, কয়েদিরা ভালো ব্যবহার পেয়ে থাকে এবং কারাগার এখন আর তেমন লজ্জাকর বলেও মনে করা হয় না। ধর্মের এ অবনতি এবং নিয়ম-শৃঙ্খলার ব্যর্থতার সাথে সাথে অধিকতর প্রলোভন এসে পড়েছে।

১০৩. Bangladesh is a democratic country. In democracy, a boy or girl can become the most important person in the land. He does not need money. He does not need powerful friends. He needs the three things- ability, integrity and hard work. Bangladesh also needs people with these three things.

বঙ্গানুবাদ: বাংলাদেশ একটি গণতান্ত্রিক দেশ। গণতান্ত্রিক দেশে যেকোনো ছেলে বা মেয়ে সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তি হতে পারে। তার অর্থের প্রয়োজন নেই। তার ক্ষমতাসীন বন্ধু-বান্ধবের প্রয়োজন নেই। তার তিনটি জিনিস দরকার– সামর্থ্য, সংহতি ও কঠোর পরিশ্রম। বাংলাদেশও তিনটি গুণের অধিকারী মানুষ চায়।

১০৪. On the night of March 25, 1971 the Pakistan Army launched their orgy of blood, death and destruction. They struck with all their military might at unarmed sleeping citizens. On that night their tanks and artillery blasted away the geographical and political absurdity which was then Pakistan. On that night was born Bangladesh-a nation dedicated to freedom and peace. In the next few days thousands of helpless innocent men, women and children were systematically butchered by the marauding army. They hit with everything that a murderous modern armament could provide.

বঙ্গানুবাদ: ১৯৭১ সালের ২৫ মার্চ রাতে পাকিস্তানি সৈন্যরা রক্তের তাণ্ডবলীলা, মৃত্যু আর ধ্বংসযজ্ঞ চালিয়েছিল। তারা তাদের সমস্ত সামরিক শক্তি নিয়ে নিরস্ত্র ঘুমন্ত নাগরিকদের ওপর আঘাত হেনেছিল। ওই রাতে তাদের ট্যাংক এবং গোলন্দাজ বাহিনীর সৈন্যরা তখনকার পাকিস্তানের ভৌগোলিক এবং রাজনৈতিক অসংগতিকে ধ্বংস করে দিয়েছিল। ওই রাতে বাংলাদেশের জন্ম হয়েছিল। জন্ম হয়েছিল একটি জাতির, যারা স্বাধীনতা ও শান্তির জন্য উৎসর্গীকৃত। পরবর্তী কয়েক দিনে হাজারো অসহায়, নির্দোষ পুরুষ, নারী, শিশুকে পরিকল্পিত উপায়ে লুণ্ঠনরত সৈন্যরা নিষ্ঠুরভাবে হত্যা করেছিল। একটি আধুনিক যুদ্ধের জন্য প্রস্তুত খুনি সৈন্যদল যা সংগ্রহ করতে পারে তার সব নিয়ে তারা আঘাত হেনেছিল।

১০৫. A student is a learner. He must mind his studies first. He should go through with his home-work and attend school regularly. A good student reads a lot even outside his prescribed textbooks. He loves knowledge for the sake of knowledge. He loves his teachers as he loves his parents.

বঙ্গানুবাদ: একজন ছাত্র একজন শিক্ষার্থী। সে প্রথমেই তার অধ্যয়নের বিষয়টি মনে রাখবে। তারপর সে বাড়ির কাজসহ নিয়মিত স্কুলে উপস্থিত থাকবে। একজন ভালো ছাত্র নির্ধারিত পাঠ্যপুস্তক ছাড়াও প্রচুর বাইরের বই পড়ে। জ্ঞানের কদর জানে বলেই সে জ্ঞানকে ভালোবাসে। সে তার শিক্ষকদের তার পিতামাতার মতো ভালোবাসে।

১০৬. Its civil war was such a moments event in the history of the United States that it might be argued that it separated two nations. The one before the war and the one after it. Put another way, one might say that the first help of American history leads up to the war, and that a new that a new America emerges after the war.

বঙ্গানুবাদ: গৃহযুদ্ধ যুক্তরাষ্ট্রের ইতিহাসে এমনই গুরুত্বপূর্ণ ঘটনা যে, এ সম্বন্ধে বিতর্ক করা যায়, এটি দুটি জাতিকে পৃথক করে ফেলেছে। একটি যুদ্ধের পূর্বে, অপরটি যুদ্ধের পরে। অন্যভাবেও কেউ বলতে পারেন যে, আমেরিকান জাতির ইতিহাসে প্রথম সাহায্যটি তাদের যুদ্ধের দিকে ধাবিত করে এবং যুদ্ধের পরেই নতুন আমেরিকার জন্ম হয়।

১০৭. A patriot is a man who loves his country, works for it, and is willing to fight and die for it. Every soldier is bound to do his duty, but the best soldiers do more than this. They risk their lives because they love the country they are fighting for; they love its hills and valleys, its cities and villages, its people and their way of life. They are willing to defend it to the last against enemies who try to conquer it and destroy it. [জা.বি. '১৭]

বঙ্গানুবাদ: স্বদেশপ্রেমিক এমন একটি মানুষ, যিনি তাঁর দেশকে ভালোবাসেন, দেশের জন্য কাজ করেন এবং দেশের জন্য সংগ্রাম করে মৃত্যুবরণ করতেও ইচ্ছুক। প্রত্যেক যোদ্ধাই তাঁর কর্তব্যকর্ম সম্পাদন করতে বাধ্য। কিন্তু সর্বোত্তম যোদ্ধা এর চেয়েও বেশি কিছু করেন। তাঁরা তাঁদের স্বদেশকে আন্তরিকভাবে ভালোবাসেন বলে স্বদেশের জন্য সংগ্রামে নিজেদের প্রাণ বিপন্ন করেন। তাঁরা দেশের পর্বত ও উপত্যকাগুলোকে ভালোবাসেন, দেশের নগর ও গ্রামগুলো তাঁদের প্রিয়, দেশের জনগণ এবং তাদের জীবনযাপন প্রণালির প্রতি তাঁদের

অনুরাগ রয়েছে। তাই যে শত্রুরা দেশ জয় করে স্বাধীনতা ধ্বংস করতে চায় তাদের প্রতিরোধ করবার জন্য তাঁরা শেষ পর্যন্ত সংগ্রাম করতে ইচ্ছা করেন।

১০৮. Rivers come to out use in many ways. We bathe in the watet of the river. We drink it and use it in many ways for agriculture with the help of irrigation. Rivers help us in various ways in respect of trade and commerce. The things which are produced in excess are exported to foreign countries through river ways.

বঙ্গানুবাদ: নদী বহু প্রকারে আমাদের উপকারে আসে। আমরা নদীর পানিতে গোসল করি। আমরা ওটার পানি পান করি এবং সেচের সাহায্যে কৃষিকাজে নানাভাবে ব্যবহার করি। ব্যাবসা-বাণিজ্যের ক্ষেত্রে নদীগুলো আমাদেরকে নানাভাবে সাহায্য করে। আমাদের দেশে যে সকল দ্রব্য অতিরিক্ত উৎপন্ন হয় সেগুলো নদীপথে বিদেশে চালান দেওয়া হয়।

১০৯. A gentleman is one who never causes pain to others. This description is short, but as far as it goes it is correct. He is always polite and corrsiderate. He carefully aviods whatever may cause even a slight shock in the minds of those with whom he associates.

বঙ্গানুবাদ: তিনিই ভদ্রলোক যিনি কারও মনে ব্যথা দেন না। এ বর্ণনা সংক্ষিপ্ত কিন্তু যতদূর সম্ভব এটা সত্য। তিনি সর্বদা নম্র ও বিবেচনাশীল। তিনি যাদের সাথে মেলামেশা করেন তাদের মনে এতটুকু দুঃখ লাগতে পারে এমন কাজকর্ম সতর্কতার সাথে এড়িয়ে চলেন।

১১০. Every morning Helal gets up at 5 o'clock. He brushes his teeth, washes his face, hands and feet. He puts on clean clothes. He says his prayers in the morning. He eats a good breakfast. He eats some chapaties, an egg and some fruits. He drinks milk. He goes to school everyday.

বঙ্গানুবাদ: হেলাল প্রতিদিন ৫টায় ঘুম থেকে ওঠে। সে দাঁত ব্রাশ করে, মুখমন্ডল ও হাত-পা ধোয়। সে পরিষ্কার কাপড় পরিধান করে। সে সকালে প্রার্থনা করে। সে ভালো প্রাতঃভোজন করে। সে কিছু চাপাতি, একটি ডিম ও কিছু ফল খায়। সে দুধ পান করে। সে রোজ স্কুলে যায়।

১১১. Always speak the truth. To tell a lie is a great sin. Nobody believes a liar. The truth itself is a beauty. Life becomes successful if there is such beauty in life.

বঙ্গানুবাদ: সদা সত্য কথা বলবে। মিথ্যা কথা বলা মহাপাপ। মিথ্যাবাদীকে কেউই বিশ্বাস করে না। সত্যই সৌন্দর্য। জীবনে এই সৌন্দর্য থাকলে জীবন সার্থক হয়।

১১২. Long ago men were very helpless. There were no difference between men and animals. They were always restless for fear of wild animals. They did not know how to make clothes and weapons. They passed their night either in the hollow of the earth or in cave of a hill or a tree.

বঙ্গানুবাদ: আদিকালে মানুষ ছিল অসহায়। মানুষ এবং প্রাণীর মধ্যে কোনো পার্থক্য ছিল না। মানুষ সর্বদা হিংস্র জন্তু থেকে বাঁচার চিন্তায় অস্থির থাকত। তারা পোশাক এবং অস্ত্র তৈরি করতে জানত না। তারা মাটির গর্তে, পাহাড়ের গুহায় অথবা গাছে উঠে রাত্রিযাপন করত।

১১৩. Poverty is a great problem in our country. But we hardly realize that this miserable condition is our own creation. Many do not try to better their condition by hard labour and profitable business. They only curse their fate. We must shake of this inactivity and aversion to physical labour.

বঙ্গানুবাদ: দারিদ্র্য আমাদের দেশের একটি বড়ো সমস্যা। কিন্তু এ শোচনীয় অবস্থা যে আমাদের নিজেদেরই সৃষ্ট তা আমরা বুঝতেই পারি না। অনেকেই কঠোর পরিশ্রম বা লাভজনক ব্যাবসা করে তাদের অবস্থা পরিবর্তনের চেষ্টা করে না। তারা শুধু নিজ ভাগ্যকে দোষ দেয়। আমাদের এ অকর্মণ্যতা ও কায়িক পরিশ্রমের প্রতি অনীহা পরিত্যাগ করতে হবে।

১১৪. The weather was very good and so the farm people hurried through their meal and went back to the field. Rose, the maid, remained all alone in the large kitchen where the fire was dying in the stove under a cauldron for some hot water with which to wash the dishes.

বঙ্গানুবাদ: আবহাওয়া বেশ চমৎকার ছিল। তাই খামারের কর্মীরা দ্রুত খাওয়া-দাওয়া সেরে মাঠে ফিরে গেল। রোজ নামের গৃহ পরিচারিকা বিরাট রান্নাঘরে একাই রয়ে গেল। সেখানে বাসন-কোসন ধোয়ার জন্য গরম পানির কড়াইয়ের নিচে চুলার আগুন নিভে আসছিল।

১১৫. A good teacher is one of the most important people in any country. Bangladesh needs good teacher. A good teacher makes lessons interesting. He keeps people and students awake. He also makes them

confident and proves them clever. Everybody has something valuable inside them. A good teacher discovers the treasure hidden inside each student. [জা. বি. '১৯; চ. বো. '১৭]

বঙ্গানুবাদ: উত্তম শিক্ষক যেকোনো দেশেই সর্বশ্রেষ্ঠ মানুষ। বাংলাদেশের প্রয়োজন উত্তম শিক্ষকের। উত্তম শিক্ষক তার পাঠ আকর্ষণীয় করেন। তিনি শিক্ষার্থীকে জাগ্রত করেন। তিনি তাদের আস্থাবান করেন এবং বুদ্ধিমান প্রমাণ করেন। প্রত্যেকের ভেতরে মূল্যবান কিছু রয়েছে। একজন উত্তম শিক্ষক প্রত্যেক ছাত্রের মধ্যে লুকায়িত সম্পদ আবিষ্কার করেন।

১১৬. The modern world has learnt a great deal from the ancient civilization of Egypt. For the Egyptians were a clever and industrious people. And even today we cannot but wonder at some of their achievements. They had constructed a very complex and ingenious system of irrigation. They had built temples of great height and beauty. They had even invented a calendar which had survived till this day with only a few minor changes.

বঙ্গানুবাদ: মিশরের প্রাচীন সভ্যতা থেকে আধুনিক জগৎ অনেক কিছু শিখেছে। কারণ মিশরীয়রা ছিল চতুর এবং পরিশ্রমী জাতি এবং আজও আমরা তাদের কিছু সাফল্যে বিস্ময়বোধ না করে পারছি না। তারা কৃষিকাজের আবিষ্কার করেছে এবং তার উন্নতিসাধন করে তার উৎকর্ষসাধন করেছে। তারা জটিল এবং উন্নত সেচব্যবস্থা নির্মাণ করেছে। তারা একটি দিনপঞ্জি আবিষ্কার করেছে, যা সামান্য পরিবর্তনসহ আজও অবিকল তেমনি আছে।

১১৭. A newspaper is the storehouse of knowledge. We can know the conditions, manner and customs of other countries of the world from a newspaper. It is, in fact, the summary of all current history. It supplies informations to all classes of people. The businessman can find the condition of the world market about his goods. The sportsman can see the results of important games in different parts of the world.

বঙ্গানুবাদ: সংবাদপত্র একটি জ্ঞানভান্ডার। সংবাদপত্রের মাধ্যমে আমরা পৃথিবীর অন্যান্য দেশের রীতিনীতি ও আচার-আচরণ সম্বন্ধে জানতে পারি। প্রকৃতপক্ষে এটা সাম্প্রতিক ইতিহাসের সারসংক্ষেপ। এটা সব শ্রেণির লোকের জন্য সংবাদ সরবরাহ করে। ব্যবসায়ী বিশ্ব বাজারে তার দ্রব্যাদির অবস্থা জানতে পারে। বিশ্বের বিভিন্ন স্থানের গুরুত্বপূর্ণ খেলার ফলাফল খেলোয়াড় সংবাদপত্রে দেখতে পারে।

১১৮. In Bangladesh more people live in villages than in towns. So there are more houses in villages than in towns. On an average six people live in a house. When many people live in a room they are not comfortable and happy. Crowded rooms are not healthy.

বঙ্গানুবাদ: বাংলাদেশের গ্রামে শহরের চেয়ে বেশি লোক বসবাস করে। তাই শহরের চেয়ে গ্রামে বেশি বাড়ি রয়েছে। একটি বাড়িতে গড়ে ছয়জন লোক বাস করে। যখন একটি কক্ষে অনেক লোক বাস করে তখন তারা আরামে ও সুখে থাকে না। জনাকীর্ণ কক্ষ স্বাস্থ্যকর নয়।

১১৯. As to the books which you should read, there is hardly anything definite that can be said. Any good book, any book that is wiser than yourself, will teach you something, directly or indirectly if your mind be open to learn. This old counsel of Johnson's is also good and universally applicable: "Read the book you do honestly feel a wish and curiousity to read."

বঙ্গানুবাদ: কী ধরনের বই তোমাদের পড়া উচিত সে বিষয়ে নির্দিষ্ট করে কিছু বলা যায় না। যেকোনো ভালো বই– যে বইয়ে তোমাদের জ্ঞানের চেয়ে বেশি জ্ঞান সন্নিবেশিত আছে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তোমাদের শিক্ষা দেবে যদি তোমাদের মন শিক্ষার জন্য উন্মুক্ত থাকে। "যে বই পড়ার জন্য তোমাদের মনে আগ্রহ ও কৌতূহল জাগে সে বই-ই তোমরা পড়বে।" জনসনের এ প্রাচীন উপদেশটি অতি চমৎকার এবং সবখানেই প্রযোজ্য।

১২০. The water of the sea is blue. Water has no colour of its own. The sea-water looks blue as vast mass of water is seen together. This blue water is very nice to look at. But it is not fit for drinking. It is mixed with salt. Fot this a person has to carry drinking water with him while going to the sea.

বঙ্গানুবাদ: সমুদ্রের পানি নীল। পানির নিজের কোনো রং নেই। সমুদ্রের অনেক পানি একসঙ্গে দেখা যায় বলে দেখতে নীল বলে মনে হয়। এ নীল পানি দেখতে বড়োই সুন্দর! কিন্তু এ পানি পানের উপযুক্ত নয়। এতে অনেক লবণ মিশ্রিত আছে। এজন্য সমুদ্রে বেড়াতে গেলে পানযোগ্য পানি সঙ্গে নিয়ে যেতে হয়।

১২১. Bangladesh in now a free country. She suffered much during the last twenty five years. But for her, the days of suffering are over and she is going to enter an age of great prosperity. The golden land of Bangladesh will again be flowing with milk and honey.

বঙ্গানুবাদ: বাংলাদেশ এখন একটি স্বাধীন দেশ। বিগত পঁচিশ বছর তাকে প্রচুর দুঃখ ভোগ করতে হয়েছে। কিন্তু এখন তার দুঃখের দিনগুলো শেষ এবং সে বিরাট অগ্রগতির এক নতুন যুগে পদার্পণ করতে যাচ্ছে। সোনার বাংলা আবার সুখ, সম্পদ ও প্রাচুর্যে ভরে উঠবে।

১২২. We were walking beside the river that morning, covering some distance, We saw a fisherman catching fish. He had a boy aged ten to twelve with him. I stopped there and called the boy. He came to me running. I asked him, "What is your name and who is the man in the boat?" He said, "My name is Shohag and he is my father."

বঙ্গানুবাদ: আমরা সেদিন সকালে নদীর ধারে একাকী বেড়াচ্ছিলাম। কিছুদূর গিয়ে দেখলাম এক জেলে মাছ ধরছে। তার সাথে ছিল একটি দশ-বারো বছরের ছেলে। আমি সেখানে থামলাম আর ছেলেটিকে ডাকলাম। সে দৌড়ে আমার কাছে এলো। আমি তাকে বললাম, "তোমার নাম কী, আর নৌকায় ওই লোকটি কে?" সে বলল আমার নাম সোহাগ, আর তিনি আমার বাবা।

১২৩. Bangladesh is mainly an agricultural country. About ninety percent of the population of this country maintains their livelihood by agriculture. Mineral resources and industrial organisations are very few in Bangladesh. At the very initial stage of the achievement of Bangladesh, many men expressed their doubt that Bangladesh would not live long. Their doubts did not come true. Bangladesh has been progressing gradually.

বঙ্গানুবাদ: বাংলাদেশ কৃষিপ্রধান দেশ। এ দেশের প্রায় শতকরা নব্বই জন লোক কৃষিকাজের দ্বারা জীবিকা নির্বাহ করে থাকে। খনিজ সম্পদ ও শিল্পপ্রতিষ্ঠান বাংলাদেশে খুব কম। বাংলাদেশের জন্মলাভের প্রথম অবস্থায় অনেকেই সন্দেহ প্রকাশ করেছিল যে, বাংলাদেশ স্থায়ী হবে না। তাদের সন্দেহ সত্য হয়নি। বাংলাদেশ ধীরে ধীরে উন্নতির পথে অগ্রসর হচ্ছে।

১২৪. Momin is a good boy. A meritorious and polite boy like him is rarely found. All the villagers, old and young love him. He not only learns his lesson regularly, but also takes part in all kinds of game and sports. He has also a very sound health. He is very industrious. He works in co-operation with all for the progress of the village. Such is a glory of the conutry.

বঙ্গানুবাদ: মোমিন ভালো ছেলে। তার মতো মেধাবী ও নম্র স্বভাবের ছেলে খুব কমই দেখা যায়। গ্রামের ছোটো-বড়ো সকলেই তাকে ভালোবাসে। নিয়মিতভাবে সে শুধু লেখাপড়াই করে না, সকল প্রকার খেলাধুলাও করে থাকে। তার স্বাস্থ্য বেশ ভালো। সে অত্যন্ত পরিশ্রমী। গ্রামের উন্নতির জন্য সকলের সহযোগিতায় সে কাজ করে। এমন ছেলেই দেশের গৌরব।

১২৫. Bangladesh is an independent country of south Asia. Its population is much bigger in proportion to its size. So, a lot of food grains have to be imported from abroad. For this a big amount of foreign exchange is spent. The country will not prosper if the producation of food grains is not increased. We all should try in this respect. In order to increase food producation cultivation should be done through scientific methods.

বঙ্গানুবাদ: বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি স্বাধীন দেশ। আয়তনের তুলনায় এর জনসংখ্যা অনেক বেশি। ফলে বিদেশ হতে প্রতিবছর খাদ্যশস্য আমদানি করতে হয়। এতে প্রচুর বৈদেশিক মুদ্রা খরচ হয়। খাদ্যশস্যের উৎপাদন বাড়াতে না পারলে কোনো উন্নতি হবে না। এ ব্যাপারে আমাদের সকলের চেষ্টা করা উচিত। খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধির জন্য বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষাবাদ করা উচিত।

১২৬. Ancient people were nomads. They used to trvel on foot place to place and carry their belongings themselves. But with the passage of time multuplied and their needs for movement multiplied too. In their efforts to find out quicker and easier means of transport, they invented the wheel which revolutionsied the modes of carrying men and goods. In fact the invention of wheel is a land mark in the history of human civilization.

বঙ্গানুবাদ: প্রাচীনকালে মানুষ ছিল যাযাবর। তারা একস্থান থেকে অন্যস্থানে পায়ে হেঁটে ভ্রমণ করত এবং নিজেরাই মালপত্র বহন করত। কিন্তু কালক্রমে লোকসংখ্যা বেড়ে গেল এবং সেই সঙ্গে যাতায়াতের প্রয়োজনও বৃদ্ধি পেল। দ্রুততর এবং সহজতর পরিবহণের মাধ্যম আবিষ্কারের প্রচেষ্টায় একদিন তারা চাকা আবিষ্কার করে ফেলল, যা মানুষ ও মালপত্র পরিবহণের ক্ষেত্রে বিপ্লব এনে দিল। প্রকৃতপক্ষে চাকার আবিষ্কার মানবসভ্যতার ইতিহাসে এক পথ-নির্দেশক ঘটনা।

১২৭. Bees are industrious creatures. They labour harder than ants. They collect honey of flowers from morning till evening. They make bee-hives themselves. Their sense of discipline is very great. They all obey the orders of the queen bee.

বঙ্গানুবাদ: মৌমাছি পরিশ্রমী। এরা পিঁপড়া হতেও বেশি পরিশ্রম করে। সকাল হতে সন্ধ্যা পর্যন্ত এরা ফুলের মধু সংগ্রহ করে। এরা নিজেরা মৌচাক তৈরি করে। এদের শৃঙ্খলাবোধ খুব বেশি। তারা সকলেই রানি মৌমাছির আদেশ মেনে চলে।

১২৮. The camel is not an animal of our country. He is an animal at the desert. Though the camel is ugly to look at, no other animals are useful as he. He can survive as long as fifteen days without any food. Date trees grow in planty in the desert. The camel lives on the leaves of the date trees.

বঙ্গানুবাদ: উট আমাদের দেশের জন্তু নয়। এটি মরু দেশের জন্তু। উট দেখতে কুৎসিত বটে কিন্তু এমন উপকারী জন্তু আর নেই। উট পনেরো দিন ধরে আহার না পেলেও বেঁচে থাকতে পারে। মরুভূমিতে খেজুর গাছ প্রচুর জন্মে। উট খেজুর গাছের পাতা খেয়ে বেঁচে থাকে।

১২৯. The cow is a very useful animal. The cow is found all over the world. The cow lives on grass. She gives us milk. Her milk is very nutritious. We should take care of the cow.

বঙ্গানুবাদ: গোরু অতি উপকারী জন্তু। পৃথিবীর সর্বত্রই গোরু পাওয়া যায়। গোরু ঘাস খেয়ে জীবনধারণ করে। এটি আমাদের দুধ দেয়। গোরুর দুধ খুব পুষ্টিকর। গোরুর প্রতি আমাদের যত্নশীল হওয়া উচিত।

১৩০. Truthfulness is the greatest of all the virtues which make a man really great. If we do not cultivate the habit of speaking the truth, we cannot command the confidence of others. The man whom nobody believes can never be famous in life. It may be that we may succeed once or twice by telling a lie, but it never brings about a good result. A lie never lies hidden. Today or tomorrow it comes to light. Then the real character of the liar is revealed and nobody believes him. All hate him and speak ill of him behind his back.

বঙ্গানুবাদ: সত্যবাদিতা সকল গুণের শ্রেষ্ঠ, যা মানুষকে সত্যিই মহৎ করে। সত্য কথা বলার অভ্যাস চর্চা না করলে আমরা অন্যের বিশ্বাস অর্জন করতে পারব না। যাকে কেউ বিশ্বাস করে না সে জীবনে কখনো বিখ্যাত হতে পারে না। দু'একবার মিথ্যা কথা বলে সফল হওয়া যায় কিন্তু এটি কখনো ভালো ফল আনে না। মিথ্যা কখনো লুকিয়ে থাকে না। আজ অথবা কাল এটি প্রকাশিত হবেই। তখন মিথ্যাবাদীর প্রকৃত চরিত্র উদ্‌ঘাটিত হবে। সকলে তাকে ঘৃণা করে এবং তার অজ্ঞাতে তাকে গালমন্দ করে।

১৩১. There is in everyone something of the creative instinct. It is natural with the child to play with the coloured pencils and paint little pictures in water colours, and then when it learns to read and write, to write little verses and little stories. Since at first sight it seems easier to write than to paint, the child, as it grows older, is more apt to devote itself to writing. It is evidently more amusing to invent than to copy. The creative instinct reaches its height during the twenties and then, sometimes, because the affairs of life and the necessity of earning a living leave no room for its exercise. It crows feeble and dies. But in many people it grows continues to burden or enchant them. They become writers because of the compulsion within them.

বঙ্গানুবাদ: সকলের মধ্যেই কিছু না কিছু সৃষ্টিশীল প্রবৃত্তি বিদ্যমান থাকে। শিশুর পক্ষে রঙিন পেনসিল নিয়ে খেলা করা ও জলরঙে ছবি আঁকা স্বাভাবিক প্রয়াস। পরবর্তীকালে সে যখন লেখতে ও পড়তে শেখে তখন আঁকার চেয়ে লেখার কাজটা সহজ মনে হওয়ায় শিশুর পক্ষে বড়ো হওয়ার সাথে সাথে লেখার কাজে নিজেকে নিয়োজিত করাই স্বাভাবিক। অনুকরণের চেয়ে সৃষ্টিই বেশি আনন্দের এটা স্পষ্টতই অধিক পরিষ্কার। বিশের কোঠায় পৌছালে সৃজনশীলতা চরমে পৌছে। তারপর কখনো কখনো জীবনের ঘটনাচক্রে ও জীবিকা অর্জনের তাগিদে অনুশীলনের অবকাশ থাকে না বলে এটি ক্রমে ক্রমে ক্ষীণ হতে হতে নিঃশেষ হয়ে যায়। কিন্ অনেককেই এটা ভারাক্রান্ত বা মন্ত্রমুগ্ধ করে রাখে। তাদের অভ্যন্তরীণ প্রেরণার তাগিদেই তারা লেখক হন।

১৩২. The students have many duties. Parents, teachers and superiors should be obeyed. Instruction of teachers should be carefully carried out. They should not read fake (immoral) book. They should cease to take excessive food. They should not, as it were be always busy with books. They should take rest after reading a great deal of time.

বঙ্গানুবাদ: ছাত্রদের অনেক কর্তব্য আছে। মাতাপিতা, শিক্ষক ও গুরুজনদের বাধ্য থাকা উচিত। শিক্ষকদের উপদেশ সযত্নে প্রতিপালন করতে হবে। তাদের বাজে বই পড়া উচিত নয়। তারা অধিক আহার থেকে বিরত থাকবে। তাদের সর্বদা বই নিয়ে ব্যস্ত থাকা উচিত নয়। অনেক সময় পড়ার পর তাদের বিশ্রাম নেওয়া উচিত।

১৩৩. The love of mother is never exhausted. It never changes. It never tires. The father may turn back on a child, brothers and sisters may become deadly enemies. But a mother's love endures through all. A mother always remembers her child's smile.

বঙ্গানুবাদ: মায়ের ভালোবাসা কখনো নিঃশেষ হয় না। এটি কখনো বদলায় না, কখনো ক্লান্ত হয় না। পিতা সন্তানের দিক থেকে মুখ ফিরিয়ে রাখতে পারেন। ভাই ও বোনেরা ঘোরতর শত্রু হতে পারে। কিন্তু মায়ের ভালোবাসা সবকিছুর মধ্যেও টিকে থাকে। মা তাঁর শিশুর হাসি চিরকাল মনে রাখেন।

১৩৪. Books introduce us into the best society. Books bring us into the presence of the greatest minds that have ever lived. We hear what they said and did, we see them as if they were really alive.

বঙ্গানুবাদ: বই আমাদের শ্রেষ্ঠ সমাজের সঙ্গে পরিচয় করিয়ে দেয়। বই আমাদের অমর মহৎ মনের সান্নিধ্যে আনয়ন করে। তাঁরা যা বলেছেন আর করেছেন তা আমরা শুনি এবং তাঁরা জীবনে যেমন ছিলেন তেমনি দেখি।

১৩৫. Terrorism in the educational campus is an issue of all of our concern. This is such a matter as cannot be allowed to be continued. All concerned people should come forward without any prejudice to stop this violence as soon as possible. To save valuable lives and to maintain a sound environment in the area of education, the campus should be kept free from the political clash for power. Students should be alert so that they do not become the tolls in hands of the cunning politicians.

বঙ্গানুবাদ: শিক্ষাঙ্গনে সন্ত্রাস আমাদের সকলের দুশ্চিন্তার একটি কারণ। এটি এমন একটি ব্যাপার, যা চলতে দেওয়া যায় না। এ সন্ত্রাসকে যথাশীঘ্র সম্ভব অবসান ঘটানোর জন্য সংশ্লিষ্ট সকলকে পক্ষপাতিত্ব ছাড়াই এগিয়ে আসতে হবে। মূল্যবান জীবন বাঁচাতে হলে এবং শিক্ষাক্ষেত্রে সুষ্ঠু পরিবেশ বজায় রাখতে হলে শিক্ষাঙ্গনকে রাজনীতির ক্ষমতার লড়াই থেকে মুক্ত রাখতে হবে। ছাত্রদেরও সচেতন হতে হবে যাতে তারা ধূর্ত রাজনীতিবিদদের হাতের পুতুল না হয়।

১৩৬. Perseverance is a great virtue. None can attain prosperity without perseverance. One should not leave any work if one fails once to do it. Try again and again. You must become successful. So we should be persevering in every steps of life.

বঙ্গানুবাদ: ধৈর্য একটি বড়ো গুণ। ধৈর্য ছাড়া কেউ উন্নতি করতে পারে না। কোনো কাজ একবার করতে ব্যর্থ হলে তা ছাড়তে নেই। বারংবার চেষ্টা করো। তুমি অবশ্যই সফল হবে। তাই জীবনের প্রতি ক্ষেত্রে আমাদের ধৈর্য অবলম্বন করা উচিত।

১৩৭. Modern science is teaching us that no one can live alone. Co-operation between individual and between the families is essential to the life of a man. Greater co-operation between nations is essential for continuing life on earth.

বঙ্গানুবাদ: আধুনিক বিজ্ঞান আমাদের শেখায় যে, কেউ একাকী বাস করতে পারে না। মানবজীবনে ব্যক্তিগত এবং পারিবারিক সহযোগিতা অপরিহার্য। পৃথিবীতে জীবনের প্রয়োজনে জাতিসমূহের মধ্যে সর্বোত্তম সহযোগিতা অত্যাবশ্যক।

১৩৮. Man is the architect of his own fate. If he makes a proper division of his time and does his duties accordingly, he is sure to improve and prosper in life. But if he does otherwise, he is sure to repent when it is too late, and he will have to drag a miserable existence from day to day. To kill time is as culpable as to commit suicide, for our life is nothing but the sum total of hours, days and years. *[চ. বো. '১৬]*

বঙ্গানুবাদ: মানুষই তার নিজের ভাগ্যের স্থপতি। যদি সে তার সময়কে ঠিকমতো ভাগ করে তদনুযায়ী তার কর্তব্য সম্পাদন করে, তবে সে জীবনে নিশ্চয় উন্নতি ও সমৃদ্ধি লাভ করবে। কিন্তু যদি সে তা না করে অন্যরূপ করে যখন খুব দেরি হয়ে যাবে, তখন তাকে অনুশোচনা করতে হবে এবং তাকে দিনের পর দিন এক শোচনীয় জীবনযাপন করতে হবে। সময় অপচয় করা আত্মহত্যার মতো নিন্দনীয়, কারণ আমাদের জীবন ঘণ্টা, দিন ও বছরের যোগফল ছাড়া অন্য কিছুই নয়।

১৩৯. Man cannot live alone. He has to take help from others. For this, man lives together. This is social life. In a society nobody can do whatever he likes. He has to obey the rules and regulations of the country. Violation of law brings disorder in the country. So, all of us should abide by the law. *[চ. বো. '১৯]*

বঙ্গানুবাদ: মানুষ একা বাস করতে পারে না। তাকে অন্যের সাহায্য নিতে হয়। এজন্য মানুষ একসঙ্গে বসবাস করে। এটাই সমাজজীবন। সমাজে কেউই যা ইচ্ছে তা করতে পারে না। তাকে দেশের আইনকানুন মেনে চলতে হয়। আইন অমান্য করলে দেশে বিশৃঙ্খলার সৃষ্টি হয়। কাজেই আমাদের সকলকেই আইন মেনে চলা উচিত।

১৪০. "Know thyself" was his motto and the chief point of his doctrine was everyone should acquire knowledge. From knowledge, he said, come virtue and goodness, from ignorance comes all that is evil. He argued that no man willingly chooses what is evil; he does evil out of ignorance. Therefore, the chief aim of them should be to acquire knowledge.

বঙ্গানুবাদ: "নিজেকে চেনো" এটি ছিল তাঁর মূলমন্ত্র, আর তাঁর মতবাদের প্রধান বিষয়টি ছিল, প্রত্যেকের কর্তব্য জ্ঞানার্জন করা। তিনি বলতেন যে, জ্ঞান থেকে সদ্‌গুণ ও নৈতিক উৎকর্ষের উদব, আর যা কিছু মন্দ তার উদ্‌ব অজ্ঞতা থেকে। তিনি যুক্তি দিয়ে বলতেন যে, কোনো লোকই স্বেচ্ছায় মন্দ কিছু বেছে নেয় না; অজ্ঞতাবশতই সে মন্দ কাজ করে; কাজেই জীবনের প্রধান লক্ষ্য হওয়া উচিত জ্ঞানার্জন।

১৪১. Now a days a small family is an ideal family. Because, over population is the principal problem of our country. This is the time of competition. It is impossible to bear the five-seven persons of a family with the income of one. Everybody of the family whether he is a man or a woman should earn as much as he can. Late marriage is a common experience now.

বঙ্গানুবাদ: বর্তমানে ছোটো পরিবার আদর্শ পরিবার। কারণ অধিক জনসংখ্যা আমাদের দেশের প্রধান সমস্যা। এখন প্রতিযোগিতার সময়। একজনের রোজগারে পরিবারের অন্য পাঁচ-সাতজনের প্রতিপালন করা সম্ভব নয়। পরিবারের নারী-পুরুষ সকল সদস্যের সাধ্যমতো রোজগার করা উচিত। বিলম্ব-বিবাহ একটা সাধারণ ব্যাপার।

১৪২. Two friends took a journey through a forest. On the way they saw a bear approaching them. One did not care for his friend's safaty. He quickly climbed up a tree and concealed himself among the branches of a tree.

বঙ্গানুবাদ: দুই বন্ধু বনের ভেতর দিয়ে ভ্রমণ করছিল। পথে তারা একটি ভালুককে তাদের দিকে এগিয়ে আসতে দেখল। একজন তার বন্ধুর নিরাপত্তার কথা ভাবল না। সে তাড়াতাড়ি একটি গাছে উঠে গেল এবং ডালের মাঝে নিজেকে আড়াল করে রাখল।

১৪৩. Health is the most valuable of all earthly possessions. Without it, all the rest are worth nothing. To enjoy good health, we should refrain from excess in eating. We should eat moderately and not devour whatever we get. When you sit among many for a dinner, don't reach your hand out first of all. A little food is sufficient for us.

বঙ্গানুবাদ: পার্থিব সম্পদের মধ্যে স্বাস্থ্য সবচেয়ে মূল্যবান। এটি ছাড়া সবকিছু মূল্যহীন। সুস্বাস্থ্য বজায় রাখার জন্য আমাদের অতিরিক্ত খাদ্য গ্রহণ থেকে বিরত থাকতে হবে। আমরা খাদ্যগ্রহণে সংযত হব এবং যা পাব তা গোগ্রাসে গেলা উচিত নয়। অন্য অনেকের সাথে রাতের খাবার খেতে বসে সবার আগে শুরু করো না। পরিমিত খাদ্য গ্রহণই আমাদের জন্য যথেষ্ট।

১৪৪. Hazrat Omar (R) was a great Caliph. Often he came out at the street of Medina in disguise. He did so to know the conditions of the subjects. Sometimes he had man with him. Sometimes he went out alone. One night he heard the sound of crying was coming from a hut. He went towards the hut. Three boys were crying there in.

বঙ্গানুবাদ: হজরত ওমর (রা.) মহান খলিফা ছিলেন। তিনি মাঝে মাঝে রাতে ছদ্মবেশে মদিনার রাস্তায় বের হতেন। প্রজাদের অবস্থা জানার জন্য তিনি এরূপ করতেন। কোনো সময় তাঁর সাথে লোকজন থাকত। কখনোবা তিনি একাই বের হতেন। এক রাতে তিনি কান্নার শব্দ শুনতে পেলেন। এক কুটির হতে এ শব্দ আসছিল। তিনি কুটিরের দিকে গেলেন। সেখানে তিনটি বালক কাঁদছিল।

১৪৫. Education is the key to prosperity. The more a country is developed in education and culture, the more it is prosperous in all respects. But education must meet the demand of the age and it must be highly standard. Unfortunately our education is neither befitting to the age nor to the advanced standard. We cannot keep pace with other countries of the world if we fail to upgrade the standard of our education.

বঙ্গানুবাদ: শিক্ষা উন্নতির চাবিকাঠি। শিক্ষা-দীক্ষায় যে দেশ যত উন্নত সে দেশ সবদিক থেকে তত সমৃদ্ধশালী। তবে শিক্ষাকে যুগের চাহিদামাফিক হতে হবে এবং তা হতে হবে উন্নতমানের। দুর্ভাগ্যবশত আমাদের শিক্ষা যুগোপযোগীও নয়, উন্নতমানেরও নয়। আমাদের শিক্ষার মান উন্নত করতে না পারলে অন্যান্য দেশের সাথে আমরা তাল মিলিয়ে চলতে পারব না।

১৪৬. Bengali language has a glorious tradition. In this country, students and people laid down their lives to keep the honour of our language. Those martyrs are the pride of our nation and history.

বঙ্গানুবাদ: বাংলা ভাষার রয়েছে এক গৌরবময় ঐতিহ্য। আমাদের ভাষার মর্যাদা রক্ষার জন্য এ দেশের ছাত্রছাত্রী ও সাধারণ মানুষ তাঁদের জীবন উৎসর্গ করেছেন। সেসব শহিদ আমাদের জাতি এবং ইতিহাসের গর্ব।

১৪৭. A noble man had three sons. They quarrelled with one another. The noble man always asked them not to quarrel among themselves. But none of them would pay heed to his advice, rather they engaged themselves in quarrelling. When the noble man became old he became very anxious.

বঙ্গানুবাদ: এক সম্ভ্রান্ত ব্যক্তির তিন পুত্র ছিল। তারা পরস্পরের সাথে ঝগড়া করত। ওই সম্ভ্রান্ত ব্যক্তি তাদেরকে নিজেদের মধ্যে ঝগড়া করতে সবসময় নিষেধ করত। কিন্তু তারা কেউ তার কথায় কর্ণপাত করত না; বরং তারা সবক্ষণ কলহে রত থাকত। যখন সম্ভ্রান্ত ব্যক্তি বৃদ্ধ হলেন তখন তিনি অত্যন্ত ভাবনায় পড়ে গেলেন।

১৪৮. The word sher means the tiger. Sher-e-Bangla means the tiger of Bengal. Do you know who this tiger was? A.K. Fazlul Huq was this tiger. He had strength like a tiger in his body and his mind was full of indomitable courage. He was never afraid of fighting for truth and justice.

বঙ্গানুবাদ: শের শব্দের অর্থ বাঘ। শেরে বাংলা মানে বাংলার বাঘ। কে এ বাঘ ছিলেন জানো? এ. কে. ফজলুল হক ছিলেন এ বাঘ। তাঁর গায়ে ছিল বাঘের মতো শক্তি এবং মনে ছিল অদম্য সাহস। সত্য ও ন্যায়ের জন্য সংগ্রাম করতে তিনি কখনো ভীত হতেন না।

১৪৯. Chilidhood is the father of manhood. All that will develop in the character of a full grown man is already in the child. A tree exists in the seed though is an undeveloped state. Childhood shows a man as morning shows the day. The child grows into a man within his abilites and defects.

বঙ্গানুবাদ: শৈশবকাল পূর্ণ বয়ঃপ্রাপ্ত মানুষের জনক। একজন পরিপূর্ণ মানুষের চরিত্রে যে গুণাবলি বিকাশ লাভ করবে একটি শিশুর মধ্যে তা বর্তমান। একটি অঙ্কুরের মধ্যেই সুপ্ত রয়েছে একটি বৃক্ষ। প্রভাত যেমন সমগ্র দিবসের সম্ভাবনা প্রকাশ করে তেমনি শৈশব একটি মানুষের ভবিষ্যৎ সূচনা করে। শিশুই তার সকল দক্ষতা ও ত্রুটি নিয়ে মানুষে পরিণত হয়।

১৫০. I confess I have weakness for the ideals of a teacher. I know that a teacher in our country is not economically well off. Yet to be a tecaher is to me a noble ambition. I like to imagine myself watching the slowly expanding minds of young people like the petals of a flower. But then I hesitate when I think of the poverty of a teacher's life. It may be that, driven by this poverty, I may be forced to sacrifice the ideals of a teacher. To take up duties to which one cannot be true can never be a great ambition.

বঙ্গানুবাদ: আমি স্বীকার করি একজন শিক্ষকের আদর্শের প্রতি আমার দুর্বলতা রয়েছে। আমি জানি আমাদের দেশের একজন শিক্ষক আর্থিক দিক দিয়ে সচ্ছল নয়। তবুও একজন শিক্ষক হওয়া আমার নিকট একটা মহৎ পেশা। ফুলের পাঁপড়ির মতো ধীরে ধীরে প্রসারমাণ তরুণদের মনের পর্যবেক্ষণ কল্পনা করতে আমি নিজে পছন্দ করি। কিন্তু আমি দ্বিধাগ্রস্ত হই যখন আমি একজন শিক্ষকের জীবনের দারিদ্র্যের কথা ভাবি। দারিদ্র্যের দ্বারা তাড়িত হয়ে আমি একজন শিক্ষকের আদর্শকে ত্যাগ করতে বাধ্য হতে পারি, এমনটি ঘটতে পারে। যে কর্তব্যের প্রতি একজন বিশ্বাসী হতে পারে না, সেটা কখনো মহৎ লক্ষ্য হতে পারে না।

১৫১. Honesty is a noble vertue. It is the secret of success in every sphere of life. The value of honesty is very great. It wins life respect and fearlessness. An honest man passes his days in respect of happiness. Honesty is the best policy.

বঙ্গানুবাদ: সততা একটি মহৎ গুণ। জীবনের সর্বক্ষেত্রে সাফল্যের এটা গোপন মন্ত্র। সততার মূল্য খুব বেশি। এটা ভালোবাসা, শ্রদ্ধা ও নির্ভয়কে জয় করে। সৎ ব্যক্তি সুখে দিন কাটায়। সততাই উৎকৃষ্ট পন্থা।

১৫২. Illiteracy is a great problem of our country. No development efforts can succeed unless illiteracy is eradicated. Eradication of illiteracy in a country like Bangladesh with so vast population is undoubtedly a gigantic task. No individual, community, organization not even the government is capable of solving this huge problem single handed. It is the social responsibility of all the literate people to make some concerted efforts to remove illiteracy from the country.

বঙ্গানুবাদ: নিরক্ষরতা আমাদের দেশে একটি ভয়াবহ সমস্যা। নিরক্ষরতা দূরীকরণ ব্যতীত কোনো উন্নয়নমূলক কাজই ফলপ্রসূ হতে পারে না। বাংলাদেশের মতো জনবহুল দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণ নিঃসন্দেহে একটি বড়ো কাজ। কোনো ব্যক্তিগোষ্ঠী, সংস্থা, এমনকি সরকারের পক্ষে এককভাবে এ বিরাট সমস্যার সমাধান সম্ভব নয়। দেশ থেকে নিরক্ষরতা দূর করার জন্য কিছু কার্যকর পদক্ষেপ গ্রহণ করা শিক্ষিত লোকদের একটি সামাজিক দায়িত্ব।

১৫৩. Do you think that invisible creatures exist only in fairy tales? Then look up in the sky. See the white clouds floating way up there. What is pushing them? The invisible one. When it crosses a fields, the wheat bows low to it; when it passes through a forest, the trees bend down their heads. You've surely guessed what it is by now. It is wind. The invisible current of air that moves over the earth.

বঙ্গানুবাদ: তুমি কি মনে করো অদৃশ্য বস্তুসমূহ কেবল রূপকথার গল্পে ক্রিয়াশীল থাকে? তাহলে আকাশের দিকে তাকাও। সেখানে ভেসে বেড়ানো সাদা-সাদা মেঘগুলোকে দেখো, তাদের কীসে ধাক্কা দিচ্ছে? এসব করছে একটি অদৃশ্য বিষয়। যখন এটি একটি মাঠের ওপর দিয়ে অতিক্রান্ত হয়, তখন গম গাছগুলো এর বশ্যতা মেনে নেয়, যখন এটি বনের ওপর দিয়ে প্রবাহিত হয়, তখন গাছগুলো তাদের মাথা নুয়ে ফেলে। এখন তুমি নিশ্চয় বুঝতে পারছ কীসের দ্বারা এসব হচ্ছে? এটি হচ্ছে বাতাস, যাতে ক্রিয়াশীল অদৃশ্য বিদ্যুৎ তরঙ্গ থাকে, যা পৃথিবীতে ভেসে বেড়ায়।

১৫৪. To be healthy you must a change of air in you living rooms every hour. That air must come from somewhere. Naturally, you get it from outside. So it enters the house cold and dry. If fresh sir enters, the stale air must pass out. It passes out warm and moist.

বঙ্গানুবাদ: স্বাস্থ্যবান হতে হলে তোমাদের বাসগৃহের বাতাস বদল হওয়া দরকার। যে বাতাস অবশ্যই অন্য কোনো স্থান থেকে আসবে। স্বভাবতই তোমরা এটি বাইরে থেকে লাভ করো। সুতরাং, এটি শীতল এবং শুষ্ক অবস্থায় ঘরে প্রবেশ করে। ঘরে বিশুদ্ধ তাজা বাতাস প্রবেশ করলে দূষিতবাহী বাতাস অবশ্যই বের হয়ে যাবে। তা গরম এবং বাষ্পে ভেজা হয়ে বের হয়ে যায়।

১৫৫. A man came into a wood one day with an axe in his hand. Begged all the trees to give him a small branch which he wanted for a particular purpose. The trees were good natured and gave him one of their branches. What did the man do but fix it into an sxehed and soon he set to work cutting down trees.

বঙ্গানুবাদ: একদিন একটি লোক হাতে একটি কুড়াল নিয়ে বনে আসে। সে গাছগুলোর কাছে তার কোনো বিশেষ উদ্দেশে একটি ছোটো ডাল দেবার জন্য অনুরোধ করল। গাছগুলো ছিল সু-স্বভাবের এবং তারা তাদের ডালপালা থেকে একটি ডাল লোকটিকে দিলো। লোকটি তখন সে ডালটি তার কুড়ালের আগায় লাগিয়ে একের পর এক গাছ কাটতে লাগল।

১৫৬. The ancient oriental nations gave us the foundation of astronomy and mathematics. They made remarkable progress in the art of writing and acquired great ability and a certain amount of taste in architecture, sculpture and minor arts. It was in fact, from the orient that we received the rudiments of civilization and of culture, but is remained for others to break the confining bonds which kept them from creating a free and hence progressive spirit.

বঙ্গানুবাদ: প্রাচ্যের প্রাচীন জাতিগুলো আমাদের জ্যোতির্বিদ্যা ও গণিতশাস্ত্রের বুনিয়াদ গড়েছিল। তারা হস্তলিপি শিল্পে উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছিল। আর স্থাপত্য, ভাস্কর্য ও ছোটোখাটো শিল্পে অসাধারণ দক্ষতা ও কিছু পরিমাণ রুচি অর্জন করেছিল। বস্তুত প্রাচ্য থেকেই আমরা সভ্যতা ও কৃষ্টির প্রাথমিক উপাদানগুলো লাভ করেছিলাম। তবে যেসব সীমাবদ্ধকারী বন্ধন এগুলোকে স্বাধীন ও প্রগতিশীল মানব সৃষ্টিতে ব্যাহত করেছিল সেগুলো ছিন্ন করার কাজ অন্যান্যদের জন্য বিদ্যমান ছিল।

১৫৭. No person can be happy without friend. The heart is formed for love and cannot be happy without the opportunity of giving and receiving affection. But you cannot receive affection unless you will also give it. You cannot find others to love you unless you also love them. Love is only to be obtained by giving love in return. Hence it is most important that cultivating a cheerful and obliging disposition. You cannot be happy without it.

বঙ্গানুবাদ: বন্ধু ছাড়া কোনো লোকই সুখী হতে পারে না। ভালোবাসার জন্য হৃদয়ের সৃষ্টি হয়েছে এবং স্নেহ বিনিময় ছাড়া তা সুখী হতে পারে না। কিন্তু স্নেহ না দিলে তা পাওয়া যায় না। তুমি অন্যকে না ভালোবাসলে অন্যের ভালোবাসা পেতে পারো না। ভালোবাসা দিলেই বিনিময়ে ভালোবাসা পাওয়া যায়। তাই প্রফুল্লতা ও বিনয় চর্চা এত গুরুত্বপূর্ণ। এটা ছাড়া তুমি সুখী হতে পারো না।

১৫৮. Smoking is a dangerous habit. People addicted to smoking might become victims of cancer. And that cancer is a fatal disease needs no telling. So a vigorous campaing against smoking is a crying need. Medical men with their superior knowledge of the dangers of smoking should be the leaders of the campaign. They should come forward.

বঙ্গানুবাদ: ধূমপান মারাত্মক অভ্যাস। ধূমপানে আসক্ত লোকেরা ক্যানসারের শিকার হতে পারে। ক্যানসার যে একটি সর্বনাশা রোগ তা বলার অপেক্ষা রাখে না। তাই ধূমপানের বিরুদ্ধে শক্তিশালী অভিযান জরুরি প্রয়োজন। ধূমপানের ক্ষতি সম্পর্কে উন্নত জ্ঞানসম্পন্ন চিকিৎসকগণের এ অভিযানে নেতৃত্ব দেওয়া উচিত। তাদের উচিত এ ব্যাপারে এগিয়ে আসা।

১৫৯. One night when Mohsin was asleep, a thief entered his room. The thief opened the box, brought out the money and was about to run away. But by a certain sound Mohsin's sleep broke suddenly. He opened the eyes and saw the thief and asked, "Who are you and why have you entered my room?"

বঙ্গানুবাদ: এক রাত্রে মহসিন ঘুমিয়ে আছেন, এমন সময় ঘরে এক চোর ঢুকল। চোরটি বাক্স খুলে টাকা বের করল এবং তা নিয়ে পালাবার চেষ্টা করল। কিন্তু হঠাৎ একটি শব্দে মহসিনের ঘুম ভেঙে গেল। চোখ খুলেই তিনি চোরটিকে দেখলেন এবং জিজ্ঞাসা করলেন, "তুমি কে এবং কেন আমার ঘরে প্রবেশ করেছ?"

১৬০. The best teachers have always emphasised the importance of self-culture and of stimulating the student to gain knowledge by the exercise of his own faculties. They have relied more upon traning than upon talking and have tried to make their pupils active partners in the work of their own education but not passive receivers of information. This was the spirit in which Dr. Arnold, the great Headmaster of Rugby, worked.

বঙ্গানুবাদ: সর্বশ্রেষ্ঠ শিক্ষকগণ সর্বদা আত্ম অনুশীলনে এবং নিজেদের ধীশক্তির ব্যবহার করে জ্ঞান অর্জন করার জন্য ছাত্রদের উদ্দীপ্ত করার ওপর সবসময় জোর দিয়েছেন। তাঁরা কথার চেয়ে প্রশিক্ষণের ওপর বেশি নির্ভর করেছেন এবং ছাত্রদের নিষ্ক্রিয় তথ্য গ্রহণকারী নয়; বরং শিক্ষা অর্জনের ক্ষেত্রে সক্রিয় অংশগ্রহণকারী হিসেবে তৈরি করার চেষ্টা করেছেন। এ চেতনার ওপর রাগবির বিখ্যাত শিক্ষক ড. আরনল্ড কাজ করেছিলেন।

১৬১. The more ardent spirits may not be and perhaps are not, satisfied with what has been achieved. They urge a more rapid pace, perhaps even a shorter cut to the goal. But that there has been a vast transformation none can gainsay. The world forces may have helped the movement and we too did our bit. Self-Government was the end and aim of our political efforts. Constitutional methods are the mean for its attainment.

বঙ্গানুবাদ: যা পাওয়া যায় তা নিয়েই সন্তুষ্ট থাকা অতি উৎসাহী ব্যক্তিদের কাজ নয় এবং মনে হয় তারা অল্পে সন্তুষ্টও নয়। তারা অতি দ্রুত এবং সংক্ষিপ্ত পথে তাদের লক্ষ্যস্থলে পৌছাতে চায়। কিন্তু বিরাট পরিবর্তন যে ঘটে গেছে তা কেউই অস্বীকার করতে পারে না। এ পরিবর্তনে বিশ্বশক্তি হয়তো সাহায্য করেছে এবং আমরাও এ ব্যাপারে কিছুটা কর্তব্য করেছি। আমাদের রাজনীতি সাধনার উদ্দেশ্য ও লক্ষ্য ছিল স্বায়ত্তশাসন। নিয়মতান্ত্রিক পন্থা ছিল তা লাভ করার উপায়।

১৬২. The real heroes are those whom the world knows not of. They work among the poor, among the distressed. They can not expect any reward from them. They are moved by the sufferings of others and their main object is to relieve the sufferings of others. They do not want fame. No medal glitters on their breast, no poet songs their praise. They work and die for others.

বঙ্গানুবাদ: প্রকৃত বীর তাঁরাই যারা পৃথিবীতে খুব একটা পরিচিত নয়। তাঁরা দরিদ্র ও দুস্থদের মধ্যে কর্মরত থাকেন। তাঁরা এর বিনিময়ে কোনো পুরস্কার আশা করেন না। তাঁরা অপরের দুঃখে ভারাক্রান্ত হন এবং তাদের প্রধান উদ্দেশ্য বিপদগ্রস্ত মানুষকে মুক্ত করা। তাঁরা খ্যাতি চান না। কোনো পদক তাদের বুকে ঝলমল করে না, কোনো কবি তাদের গুণকীর্তন করে না। তাঁদের কর্ম এবং মৃত্যু অপরের জন্যই।

১৬৩. He was asleep when the boy looked at the door morning. It was blowing so hard that the drifting boats would not be going out and the boy slept late and then come to the old man's shack as he had come each morning. The boy saw that the old man was breathing and then he saw the old man's hands and he started to cry. He went out very quietly to go to bring some coffee and all the way down the road he was crying.

বঙ্গানুবাদ: বালকটি সকালবেলা যখন তাকিয়েছিল তখন তিনি ঘুমাচ্ছিলেন। এত জোরে বাতাস বইছিল যে ভাসন্ত নৌকাটি স্রোতের অনুকূলে যেতে পারছিল না। বালকটি দেরি করে ঘুমাত। সকালে বৃদ্ধলোকটি কুঁড়েঘরে তাকে দেখার জন্য আসত। বালকটি দেখল যে, বৃদ্ধ লোকটি শ্বাস নিচ্ছিলেন এবং তারপর বৃদ্ধ লোকটির হাত লক্ষ করল। তা দেখে সে কান্না করতে শুরু করল। সে খুব ধীরগতিতে ঘর

থেকে বের হয়ে গেল কিছু কফি আনার জন্য এবং সে পথে যেতে যেতে কান্না করছিল। তারা ব্যস্ত না থাকে। বেশ কিছুক্ষণ পড়ার পর তারা যেন বিশ্রাম নেয়।

১৬৪. The real heroes are those whom the world knows not of. They work among the poor, among the distressed. They cannot expect any reward from them. They are moved by the sufferings of others and their main object is to relieves sufferings. Theirs is the work of love.

বঙ্গানুবাদ: প্রকৃত বীর তাঁরাই যাঁদের খোঁজ পৃথিবী রাখে না। তাঁরা গরিব ও দুস্থদের মধ্যে কাজ করেন। তাঁরা তাদের নিকট থেকে কোনো পুরস্কারের আশা রাখেন না। তাঁরা শুধু অন্যের দুঃখ-দুর্দশায় ব্যথিত হয়ে এগিয়ে আসেন এবং তাঁদের লক্ষ্য হলো অন্যের দুঃখ-কষ্ট লাঘব করা। ভালোবাসাই তাঁদের কাজ।

১৬৫. Tea is popular drink. We drink tea to remove fatigue. But excessive drinking of tea is harmful for health. Tea is grown abundantly in Bangladesh. Bangladesh earns a lot of foreign currency by exporting tea.

বঙ্গানুবাদ: চা একটি জনপ্রিয় পানীয়। আমরা ক্লান্তি দূর করার জন্য চা পান করি। কিন্তু অতিরিক্ত চা পান করা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। বাংলাদেশে প্রচুর চা জন্মে। চা রপ্তানি করে বাংলাদেশ প্রচুর পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করে।

১৬৬. Time is very valuable. The man who utilizes time properly is sure to success. All the great men of the world have utilized time properly. Those who while away time cannot prosper in life. We should follow the great men.

বঙ্গানুবাদ: সময় অত্যন্ত মূল্যবান। যে ব্যক্তি সময়ের সদ্ব্যবহার করে তার সাফল্য অনিবার্য। পৃথিবীর সব বিখ্যাত ব্যক্তিই সময়ের সদ্ব্যবহার করেছেন। যারা সময় নষ্ট করে তারা জীবনে উন্নতি করতে পারে না। বিখ্যাত ব্যক্তিদের অনুসরণ করাই আমাদের উচিত।

১৬৭. There is a number of island in the Bay of Bengal. These island belong to Bangladesh. Of these islands St. Martin is the smallest. About five thousand people live on this island. Most of them are cultivators and fishermen.

বঙ্গানুবাদ: বঙ্গোপসাগরে কতকগুলো দ্বীপ আছে। এই দ্বীপগুলো বাংলাদেশের অন্তর্গত। সেন্টমার্টিন এগুলোর মধ্যে ক্ষুদ্রতম। প্রায় পাঁচ হাজার লোক এই দ্বীপে বাস করে। এদের অধিকাংশই কৃষক ও মৎস্যজীবী।

১৬৮. Emperor Nasiruddin lived like a poor man. He had no pride in him. He was very kind. He never thought of his own happiness. He would not take any money from the royal treasury. He would always think for the welfare of the subjects.

বঙ্গানুবাদ: বাদশাহ নাসিরউদ্দিন গরিবের ন্যায় জীবনযাপন করতেন। তাঁর কোনো অহংকার ছিল না। তিনি খুব দয়ালু ছিলেন। তিনি নিজের সুখের জন্য মোটেই চিন্তা করতেন না। রাজকোষ হতে তিনি কোনো অর্থ গ্রহণ করতেন না। প্রজাদের মঙ্গলের জন্য তিনি সর্বদা চিন্তা করতেন।

১৬৯. We are the inhabitants of an independent country. Freedom is the birth right of man. But no nation can achieve it without efforts. Again the people of a country have to take firm determination to preserve it. It is the sacred duty of every citizen to defend the freedom of the motherland.

বঙ্গানুবাদ: আমরা স্বাধীন দেশের অধিবাসী। স্বাধীনতা মানুষের জন্মগত অধিকার। কিন্তু বিনা চেষ্টায় কোনো জাতি তা অর্জন করতে পারে না। আবার তা রক্ষা করতেও দেশবাসীকে দৃঢ়প্রতিজ্ঞ হতে হয়। মাতৃভূমির স্বাধীনতা রক্ষা করা প্রত্যেকটি নাগরিকের পবিত্র কর্তব্য।

১৭০. We should always tell the truth. We can speak the truth always, if we practise it. We tell lies both knowingly and unknowingly. We must, therefore be careful from the very beginning. A man can always speak the truth, if he has strong character. He is respected everywhere and his life becomes glorious.

বঙ্গানুবাদ: আমাদের সবসময় সত্য কথা বলা উচিত। আমরা যদি অভ্যাস করি তবে সবসময় সত্য কথা বলতে পারি। আমরা জ্ঞাতসারে ও অজ্ঞাতসারে মিথ্যা কথা বলে থাকি। অতএব আমাদের ঠিক শুরু থেকেই সতর্ক হতে হবে। কোনো লোক সবসময় সত্য কথা বলতে পারে যদি তার চরিত্র দৃঢ় থাকে। তিনি সবখানে সম্মানিত হন এবং তিনি গৌরবময় জীবনযাপন করেন।